

129688 - দেশভেদে লাইলাতুল ক্বদর কি একাধিক হতে পারে?

প্রশ্ন

লাইলাতুল ক্বদর কি প্রত্যেক মুসলিমের জন্য একই রাত্রি? নাকি দেশভেদে এটি আলাদা আলাদা হতে পারে?

প্রিয় উত্তর

লাইলাতুল ক্বদর একটি রাত্রি। যদিও দেশভেদে এটি প্রবেশের সময় ফারাক হতে পারে। যেমন আরব দেশগুলোতে এটি প্রবেশ করবে তাদের দেশের দিনের বেলায় সূর্য ডোবার মাধ্যমে। আফ্রিকার দেশ ও অন্যান্য দেশগুলোতে প্রবেশ করবে তাদের দেশের দিনের বেলায় সূর্য ডোবার মাধ্যমে। তাই যেই দেশে সূর্য ডুবেছে সেই দেশে লাইলাতুল ক্বদর প্রবেশ করেছে; এমনকি সেটা যদি ২০ ঘন্টার চেয়ে বেশি সময় লাগে তবুও। এ সকল ব্যক্তিদের জন্য তাদের রাতকে হিসাব করা হবে। ঐ সকল ব্যক্তিদের জন্য তাদের রাতকে হিসাব করা হবে। এতেও কোন বাধা নেই যে, ফেরেশতারা এদের নিকটেও অবতীর্ণ হবে এবং ওদের নিকটেও অবতীর্ণ হবে।

আল্লাহুই সর্বজ্ঞ।